



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৫০

তারিখ : ০২/০৪/২০২৩ খ্রি.

### বিজ্ঞপ্তি

#### ২০২৩ সালের এসএসসি/এইচএসসি পরীক্ষায় বোর্ডের গোপনীয় কাজ সম্পাদনের লক্ষ্যে eTIF/OTP (ONLINE TEACHERS PROFILE) পূরণ সংক্রান্ত অনুসরণীয় দিক নির্দেশনাঃ


- ১। প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণের (০২/০৪/২০২৩ থেকে ১৭/০৪/২০২৩ তারিখ পর্যন্ত) নির্ধারিত সময়ের মধ্যে OTP-পূরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। শিক্ষকগণ তাদের ব্যক্তিগত রেজাল্ট যেমন এসএসসি, এইচএসসি, বিএ/বিএসসি, অনার্স/মাস্টার্স, বিএড, এমএড ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণী উল্লেখ করুন। কারণ প্রধান পরীক্ষক/পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত রেজাল্ট এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে।
- ৩। **First Joining** (শিক্ষকতায় প্রথম যোগদান) এর বিষয়ে বর্তমান প্রতিষ্ঠানসহ পূর্ববর্তী কোন প্রতিষ্ঠানে শিক্ষকতার প্রমাণিত যোগদানপত্র বা অন্যান্য কাগজপত্রাদির সত্যতা সমর্থিত হতে হবে। অভিজ্ঞতায় যেহেতু নির্ধারিত পয়েন্ট রয়েছে তাই সর্বমোট শিক্ষকতার অভিজ্ঞতা হিসাব করে (কত বছরের অভিজ্ঞতা) সঠিকভাবে প্রমাণযোগ্য তথ্য এন্ট্রি করুন।
- ৪। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী ব্যাংকের (১৩ডিজিটের) হিসাব নম্বর (নিজ নামের হিসাব নম্বর) প্রদান করতে হবে।
- ৫। খন্ডকালীন, নন এমপিও ভুক্ত, অনিয়মিত, অতিথি শিক্ষক, অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষক, অফিস সহকারি, কম্পিউটার অপারেটর ও শারীরিক শিক্ষা বিষয়ক শিক্ষকদের তথ্য (OTP) পূরণ করা থেকে বিরত থাকুন/ বিরত রাখুন। একইসাথে বদলিজনিত ও অবসরপ্রাপ্ত শিক্ষকদের তথ্য তালিকা থেকে বাদ দিন।
- ৬। যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সেই বিষয়ই Select করতে হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধানকে সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।।
- ৭। শিক্ষকদের প্রশিক্ষণসহ সকল সনদ, নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধানের নিকট সংরক্ষিত থাকবে। বোর্ড প্রয়োজনে ডকুমেন্ট গুলো যাচাই করবে।
- ৮। কোন তথ্য গোপন করা হলে বা অসত্য তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট শিক্ষক এবং অধ্যায়নকারী প্রতিষ্ঠান প্রধান পরবর্তী যেকোন জটিলতার জন্য দায়বদ্ধ থাকবেন।
- ৯। OTP (ONLINE TEACHERS PROFILE)-পূরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের অত্র বোর্ডের ওয়েবসাইটে ([www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)) গিয়ে eTIF এ ক্লিক করে **Manual option** দেখার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক:

প্রতিষ্ঠান প্রধান,

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক

ও উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান।

  
(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)